

কাতারে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক সমুদ্র মহড়া ও প্রদর্শনী 'ডিমেডেক্স-২০১৮' এ অংশ নিতে নৌবাহিনীর যুদ্ধজাহাজ বঙ্গবন্ধু এর চট্টগ্রাম ত্যাগ

কাতারের দোহাতে অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ আন্তর্জাতিক সমুদ্র মহড়া ও প্রদর্শনীতে (6th Doha International Maritime Exhibition and Conference-2018) অংশ নিতে নৌবাহিনী যুদ্ধ জাহাজ বঙ্গবন্ধু বৃহস্পতিবার (২২-০২-২০১৮) দুপুরে চট্টগ্রাম নৌ জেটি ত্যাগ করে। কমান্ডার বিএন ফ্লিট রিয়ার এডমিরাল এম আশরাফুল হক, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসিসহ স্থানীয় উচ্চপদস্থ নৌ কর্মকর্তা এবং জাহাজে গমনকারী কর্মকর্তা ও নাবিকদের পরিবারবর্গ উপস্থিত ছিলেন।



সফরের অংশ হিসেবে জাহাজটি ১২ হতে ১৪ মার্চ কাতারে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক সমুদ্র মহড়া ও প্রদর্শনী 6th Doha International Maritime Exhibition and Conference (DIMDEX-2018) এর বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করবে। তাছাড়া জাহাজটি যাত্রাপথে আগামী ২ হতে ৫ মার্চ ভারতের মুম্বাই-এ এবং দেশে ফেরার পথে ২২ হতে ২৫ মার্চ শ্রীলংকার কলম্বো বন্দরে শুভেচ্ছা সফরে গমন করবে। জাহাজের অধিনায়ক ক্যাপ্টেন সৈয়দ সাইফ-উল-ইসলাম এর নেতৃত্বে প্রক্ষিণার্থী কর্মকর্তাসহ মোট ২৩০ জন নৌসদস্য এই সফরে অংশ নিয়েছে। জাহাজটির এ সফর বাংলাদেশ নৌবাহিনীর প্রক্ষিণার্থী কর্মকর্তা, ক্যাডেট ও নাবিকদের পেশাগত মান উন্নয়নের পাশাপাশি বন্ধুপ্রতীম দেশসমূহের সাথে সামরিক সুসম্পর্ক জোড়দার করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়। সফর শেষে জাহাজটি আগামী ২৯ মার্চ ২০১৮ তারিখে দেশে প্রত্যাবর্তন করবে।

